# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৪৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - কারো সম্পদে অন্যায় হস্তক্ষেপ, ঋণ ও ক্ষতিপূরণ

## আরবী

وَعَن عمرَان ابْن حُصَيْنٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: «لَا جَلَبَ وَلَا جَنَبَ وَلَا شِغَارَ فِي الْإِسْلَامِ وَمَنِ انْتَهَبَ نُهْبَةً فَلَيْسَ مِنَّا» . رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

২৯৪৭-[১০] ’ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইসলামে ’জালাব’ এবং ’জানাব’ ও ’শিগার’ নেই। আর যে ব্যক্তি কোনো প্রকার লুণ্ঠন করে সে আমাদের দলভুক্ত নয়। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১২৩, আহমাদ ১৯৯৪৬, সহীহ আল জামি‘ ৩২৬৭। তবে আহমাদওএর সানাদটি মুনক্বতি‘।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا جَلَبَ وَلَا جَنَبَ وَلَا شِغَارَ فِى الْإِسْلَامِ) কাযী বলেনঃ দৌড় প্রতিযোগিতার ক্ষেত্রে ‘জালাব’ বলতে বুঝায়, ব্যক্তি তার ঘোড়ার পেছনে লোক নিয়োগ করা যে ব্যক্তি তার প্রথম ব্যক্তির পেছনে আরো একটি ঘোড়া নিয়ে আসবে এবং প্রথম ব্যক্তির ঘোড়াকে শিস দিবে। আর ‘জানাব’ বলতে তার ঘোড়ার পাশে অন্য একটি খালি ঘোড়া রাখা যখন আরোহণের ঘোড়াটি দুর্বল হয়ে যাবে তখন ব্যক্তি খালি ঘোড়াতে চড়বে। আর সাদাকার ক্ষেত্রে ‘জালাব’, ‘জানাব’-এর ব্যাখ্যা যাকাত পর্বে অতিবাহিত হয়েছে। আর ‘শিগার’ হলো কোনো ব্যক্তির অপর ব্যক্তির সাথে নিজ বোনকে বিবাহ দেয়া এ শর্তে যে, অপর ব্যক্তি তার বোনকে প্রথম ব্যক্তির সাথে বিবাহ দিবে এবং উভয়ের মাঝে কোনো মোহর সাব্যস্ত না করা। শহর যখন মানুষমুক্ত হয় তখন বলা হয়। (شَغَرَ الْبَلَدُ) শব্দ থেকেই (شِغَار) শব্দের উৎপত্তি, কেননা তা মোহরমুক্ত বন্ধন। হাদীসটি এ ধরনের বন্ধন বিশুদ্ধ না হওয়ার প্রমাণ বহন করছে, কেননা এ ধরনের বন্ধন যদি বিশুদ্ধ হত, তাহলে অবশ্যই ইসলামের মাঝে তা থাকত আর এটাই অধিকাংশ বিদ্বানদের উক্তি। আবূ হানীফাহ্ এবং সাওরী বলেন, বন্ধন বিশুদ্ধ হবে এবং প্রত্যেকের জন্য মোহরে মিসাল আবশ্যক হবে। মোহরে মিসাল বলা হয় কোনো নারীর বংশের মেয়েদের যে মোহর নির্ধারণ করা হয় তার

সমপরিমাণ মোহর ধার্য করা।

(فَلَيْسَ مِنَّا) অর্থাৎ- আমাদের দলভুক্ত নয় এবং আমাদের পথের উপর নয়। (মিরকাতুল মাফাতীহ)

তুহফাতুল আহওয়াযীর ভাষ্যকার (شِغَار) সম্পর্কে বলেনঃ ‘নিহায়াহ্’ গ্রন্থে আছে, ‘‘শিগার’’ জাহিলী যুগের একটি সুপরিচিত বিবাহ পদ্ধতি, এক ব্যক্তি অপর ব্যক্তিকে বলত, তুমি আমার সাথে শিগার কর, অর্থাৎ- তুমি তোমার বোনকে অথবা কন্যাকে অথবা তুমি যার বিষয়ের কর্তৃত্ব কর তাকে আমার কাছে বিবাহ দাও। পরিশেষে আমি আমার বোনকে অথবা আমার কন্যাকে অথবা আমার কাছে যার কর্তৃত্ব আছে তাকে তোমার কাছে বিবাহ দিব। বিবাহে দু’য়ের মাঝে মোহর ধার্য করা হত না, এদের প্রত্যেকের লজ্জাস্থান অন্যের লজ্জাস্থানের বিনিময়ে হত। আর একে শিগার বলা হয়েছে উভয় বিবাহের মাঝে মোহর উঠিয়ে নেয়ার কারণে। কুকুর যখন প্রস্রাবের উদ্দেশে তার দু’পায়ের এক পা উঁচু করে তখন ‘আরবরা বলে থাকে شَغَرَ الْكَلْبُ আর এখান থেকে এ শব্দের উৎপত্তি।

একমতে বলা হয়েছে, الشَّغْر অর্থ দূরত্ব। অন্য মতে বলা হয়েছে, الِاتِّسَاع বা অবকাশ। (তুহফাতুল আহওয়াযী ৩য় খন্ড, হাঃ ১১২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68274

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন